


খথ ১৭০২২৬৬

ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট যৌথ উদ্যোগ প্রতিষ্ঠার জন্য সমঝোতা চুক্তি

(মোঃ মোস্তফা কামাল)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
পীরগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ,
পীরগঞ্জ, রংপুর।
মোবাইল নং- ০১৭১০৯৩২৪৬৫
pirganjtsc@gmail.com

প্রথম পক্ষ

(মোঃ মিজানুর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা ও পরিচালক
টেকট্রনিকস, রংপুর।
মোবাইল নং- ০১৮৭৭৭২০৯৯৯
bdtechtronics@gmail.com

দ্বিতীয় পক্ষ

মহান আল্লাহর অশেষ মেহেরেবানীতে আমরা উভয় পক্ষ জনশক্তি তৈরীর মাধ্যমে বাংলাদেশকে সুখী সমৃদ্ধ দেশে রুপান্তরের লক্ষ্যকে বাস্তবায়নের জন্য ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট যৌথ উদ্যোগ প্রতিষ্ঠার জন্য অদ্য ১৫ ফেব্রুয়ারী, ২০২৩ তারিখে সমঝোতা চুক্তি স্বাক্ষর করতে সম্মত হলাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশকে উন্নত রাষ্ট্রে রুপান্তরের লক্ষ্য নিয়ে কাজ করছে। ২০৪১ সালের মধ্যে কারিগরি শিক্ষায় শিক্ষিত জন গোষ্ঠীর হার ৪০% এ উন্নীত করা হবে। সুতরাং বাংলাদেশকে উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত হতে হলে কারিগরি শিক্ষায় শিক্ষিত জন গোষ্ঠীর সংখ্যা বাড়াতে হবে, এর কোন বিকল্প নেই। তাই সরকার এই লক্ষ্য বাস্তবায়নে এগিয়ে যাচ্ছে।

বাংলাদেশকে উন্নত ও সমৃদ্ধ দেশে রুপান্তরের লক্ষকে বাস্তবায়নে আমাদের সকলকে হাতে হাত মিলিয়ে, কাঁধে কাঁধ মেলিয়ে এগিয়ে আসতে হবে। কারিগরি শিক্ষায় শিক্ষিত দক্ষ জনগোষ্ঠী তৈরীর জন্য শিল্প কারখানা ও শিক্ষা প্রতিষ্টানের মধ্যে যৌথ উদ্দ্যোগ প্রতিষ্ঠা খুবই জরুরী।

এই যৌথ উদ্দ্যোগের মূল উদ্দেশ্যসমুহ নিম্নরুপ ঃ

০১। বাজার চাহিদা সম্পন্ন প্রশিক্ষণ কার্যক্রম পণয়ন ও বাস্তবায়ন।

০২। শিল্পকারখানা/নিয়োগ কর্তৃপক্ষ ও শিক্ষা প্রতিষ্ঠানের যৌথ উদ্দ্যোগে উভয়ের জন্য লাভজনক কার্যক্রম গ্রহণ করা।

০৩। শিক্ষার্থীদের জন্য শিল্পকারখানায় বাস্ত প্রশিক্ষণ ও বিভিন্ন ধরনের প্রকল্পের কাজ করার সুযোগ সৃষ্টি করা।

০৪। বাজার চাহিদা সম্পন্ন কারিকুলাম প্রণয়ন ও শিক্ষার্থীদের মুল্যায়ণ প্রক্রিয়ায় শিল্পকারখানায় অভিজ্ঞদের সম্পৃক্তকরণ।

০৫। শিল্পকারখানা ও প্রতিষ্ঠান উভয় সেক্টরের সহজলভ্য সম্পদ সমুহকে প্রশিক্ষণের কাজে ব্যবহার উপযোগীকরণ।

০৬। গবেষণা ও উন্নয়নের কাজে শিল্পকারখানা ও শিক্ষা প্রতিষ্ঠান যৌথ উদ্যোগে প্রকল্প গ্রহণ।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খথ ১৭০২২৬৭

শিল্পকারখানা ও শিক্ষা প্রতিষ্ঠানের অংশীদারিত্বে উল্লিখিত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম বা পদ্ধতি গ্রহণ করা যেতে পারে।

০১। কারিকুলাম ও মুল্যায়ণ পদ্ধতি প্রনয়ণ ও বাস্তবায়ণ।

০২। লানিং ম্যাটেরিয়্যালস তৈরি ও ওয়েবসাটে প্রকাশ।

০৩। জব প্লেসমেন্ট কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ণ।

০৪। প্রযুক্তি বিনিময় ও শিক্ষকদের শিল্পকারখানায় নিবিড় প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ণ।

০৫। নিয়মিত ইন্ডাস্ট্রিয়াল ট্যুরস এবং ভিজিট ব্যবস্থা চালুকরণ।

০৬। অন জব (চাকুরীর উপর) এবং এপ্রেনটিসশীপ প্রশিক্ষণ ব্যবস্থা চালুকরণ।

০৭। ইনকিউবেশন ব্যবস্থা চালুকরণ।

০৮। ইন্ডাস্ট্রির দক্ষ ব্যাক্তিদের দ্বারা শিক্ষার্থীদের মুল্যায়ণ ব্যবস্থা চালুকরণ।

০৯। টেকনিক্যাল ইনস্টিটিউটটের প্রশাসনের সাথে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রধান সরাসরি আলোচনা করে কর্মকান্ড নির্ধারণ।

১০। টেকনিক্যাল ইনস্টিটিউটটের প্রশাসনের আহবান/অনুরোধ প্রেক্ষিতে টেকট্রনিক্স রংপুর এর রিসোর্স পার্সনগন সংশ্লিষ্ঠ বিষয়ের উপর সেমিনার, ওয়ার্কশপ এ অংশগ্রহণ বা অতিথি শিক্ষক হিসেবে কাজ করা।

১১। রিসোর্স পার্সনগন টেকট্রনিক্স রংপুর এর নিজস্ব ভেণু বা টেকনিক্যাল ইনস্টিটিউটটে শিক্ষকগণকে আপ টু ডেট প্রযুক্তির উপর প্রশিক্ষণ প্রদাণ।

১২। প্রশিক্ষনের সময়সীমা নির্ধারনের ক্ষেত্রে অবশ্যই শিক্ষা বোর্ডের বর্ষপঞ্জির নির্ধারিত সময় অনুসরন করতে হবে। এক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের মাধ্যমে যদি প্রশিক্ষণের সময়কাল পরিবর্তন হয় তবে তা উভয় পক্ষ অনুসরন করবে।

১৩। প্রশিক্ষণের বিষয়সমুহ অবশ্যই নির্দিষ্ট ট্রেড/ টেকনোলজির কারিকুলামে অর্ন্তভুক্তকরণ।

১৪। প্রশিক্ষণ কর্মকান্ডের জন্য সরকার অনুমোদিত নির্ধারিত অর্থ ইনস্টিটিউট প্রধান প্রশিক্ষণ কর্মকান্ডের শেষে সরকারি অর্থ লেনদেন যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে প্রশিক্ষন প্রদাণ।

১৫। প্রশিক্ষন প্রতিষ্ঠান, প্রশিক্ষনে অংশগ্রহণ কারীদের সার্টিফিকেট প্রদানের ব্যবস্থাকরণ।

১৬। প্রশিক্ষিত শিক্ষার্থীরা সমাজ জীবনে প্রতিষ্ঠা লাভের ক্ষেত্রে প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং টেকনিক্যাল স্কুল ও কলেজের মধ্যে পারস্পরিক সহযোগিতা প্রদান।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"




খথ ১৭০২২৬৮

উল্লেখিত কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ণের মাধ্যমে ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট যৌথ উদ্যোগের পূর্ণতা প্রদাণ করা যেতে পারে। সে লক্ষ্যে ২য় পক্ষের অধীনস্থ প্রতিষ্ঠান ও পীরগঞ্জ সরকারি টেকনিক্যাল সউল ও কলেজের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে যৌথ উদ্যোগের শুভ সূচনা করা হল।

আমরা উভয় পক্ষ আমাদের প্রিয় জন্মভূমি বাংলাদেশকে উন্নত, সমৃদ্ধ রাষ্ট্রে রুপান্তরের জন্য স্বেচ্ছায় স্বজ্ঞানে এই চুক্তি পত্রে স্বাক্ষর করলাম।

১৫/০২/২০২৩

প্রথম পক্ষের স্বাক্ষর

দ্বিতীয় পক্ষের স্বাক্ষর

স্বাক্ষীগণের স্বাক্ষার, নাম ও ঠিকানাঃ

১। ১৫/02/2023

২। 15.02.2023
(Md. Abdur Razzaque)
Instructor (Physics)
Pirganj Technical School & College
Rnagpur.

৩।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"